



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

ওয়েব সাইট: www.dcc.edu.bd ই-মেইল: cdhakacommercecollege@yahoo.com

স্মারক নং: ঢাকক-

তারিখ: ২৪/০১/২০২৩

অফিস বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজে অনার্স ১ম বর্ষ (শিক্ষাবর্ষ ২০২১-২২), ২য় বর্ষ (শিক্ষাবর্ষ ২০২০-২১) ও মাস্টার্স (শিক্ষাবর্ষ ২০২০-২১) শ্রেণিতে অধ্যয়নরত মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের নিকট হতে বিনা বেতনে/অর্ধবেতনে অধ্যয়নের সুযোগ প্রাপ্তির লক্ষ্যে কলেজের নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা হচ্ছে। শিক্ষার্থী কল্যাণ তহবিল হতে এ সুযোগ প্রদান করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটা থাকবে।

এ ক্ষেত্রে যে সকল বিষয় বিবেচনা করা হবে -

- পিতা-মাতার/অভিভাবকের আর্থিক অবস্থা
- ক্লাসে উপস্থিতি
- জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফলাফল
- কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল
- কলেজের নিয়ম-শৃঙ্খলার প্রতি আনুগত্য প্রভৃতি।

মুদ্রিত আবেদনপত্র কলেজ অফিস হতে আগামী ২৫/১/২০২৩ তারিখ থেকে ০৯/২/২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও পূরণ করে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের অফিসে জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে এবং সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র দেখাতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদন জমা নেওয়া হবে না। উল্লেখ্য, সাক্ষাৎকারে উপস্থিত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য: কলেজের ওয়েবসাইট থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ